

# যুগান্তর

## রুয়েটে বর্ণিল আয়োজনে প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

প্রকাশ : ০২ সেপ্টেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



রাজশাহী ব্যুরো

বর্ণিল আয়োজনে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকী ও বিশ্ববিদ্যালয় দিবস পালন করা হয়েছে। দিবসটি উপলক্ষে রোববার সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করা হয়। এরপর সকাল ৯টা ৪০ মিনিটে ভিসি প্রফেসর ড. মো. রফিকুল ইসলাম সেখ বেলুন ও পায়রা উড়িয়ে দিনব্যাপী কর্মসূচির উদ্বোধন করেন।

পরে বিশ্ববিদ্যালয়ের শহীদ ছাত্রদের কবরে পুষ্পস্তবক অর্পণ ও কবর জিয়ারত শেষে প্রশাসন ভবনের সামনে থেকে সয শিক্ষক, ছাত্রছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীর অংশগ্রহণে আনন্দ র্যালি বের করা হয়। র্যালিটি ঢাকা-রাজশাহী মহাসড়ক ও রুয়েটের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে প্রশাসন ভবনে ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা হয়।

এছাড়াও বৃক্ষরোপণ, প্রীতি ক্রিকেট ম্যাচ, আইডিয়া কনটেস্ট দিবসটিতে কর্মসূচি আয়োজন করা হয়। এদিন বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের তথ্য সংরক্ষণের জন্য ডিজিটাল ডাটাবেজ উদ্বোধন করা হয়। সেখানে প্রধান অতিথি ছিলেন রুয়েট ভিসি প্রফেসর ড. রফিকুল ইসলাম সেখ। এ সময় উপস্থিত ছিলেন রেজিষ্ট্রার প্রফেসর ড. সেলিম হোসেন, বিশ্ববিদ্যালয় দিবস-২০১৯ উদযাপন কমিটির সভাপতি এবং পরিচালক ছাত্রকল্যাণ প্রফেসর ড. রবিউল আওয়াল, পরিকল্পনা ও উন্নয়ন পরিচালক ড. মিয়া জগলুল সাদাত, গবেষণা ও সম্প্রসারণ পরিচালক ড. ফারুক হোসেন, আইকিউএসি পরিচালক ড. আবদুল গোফফার খান, রুয়েট কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারের ইনচার্জ ড. আলী হোসেন, কেন্দ্রীয় ভাভারের ইনচার্জ শ্যাম দত্ত, ডিন, রুয়েটের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. শামীমুর রহমান।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।